# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৯২

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - (স্বামী-স্ত্রীর) সহবাস

## আরবী

وَعَنْ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ اللَّهَ لَا يستحيي مِنَ الْحَقِّ لَا تَأْتُوا النِّسَاءَ فِي أَدْبَارِهِنَّ» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيّ وَابْن مَاجَه. والدارمي

## বাংলা

৩১৯২-[১০] খুযায়মাহ্ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় আল্লাহ তা’আলা সত্য প্রকাশে লজ্জাবোধ করেন না, তোমরা তোমাদের স্ত্রীগণের গুহ্যদ্বারে সহবাস করো না। (আহমাদ, তিরমিযী, ইবনু মাজাহ, দারিমী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১১৬৪, ইবনু মাজাহ ১৯২৪, দারিমী ১১৮১, আহমাদ ২১৮৬৫, সহীহ আল জামি‘ ১৮৮৫, সহীহ আত্ তারগীব ২৪২৭, ইরওয়া ২০০৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লাহ হক প্রকাশে লজ্জাবোধ করেন না, অর্থাৎ তিনি হক বা সত্য কথা বলতে কোনই পরোয়া করেন না। এমনকি লজ্জাস্কর কথা হলেও তা থেকে বিরত থাকেন না।

প্রশ্ন হলো হায়া বা লজ্জা হলো অন্তরের পরিবর্তন যা একজন মানুষের ওপর কোনো নিন্দনীয় কর্মের কারণে অপতিত হয়, আল্লাহর ব্যাপারে এটা সম্পৃক্ত হওয়া সম্পূর্ণ অসম্ভব? এর উত্তর হলো, এটা রূপক অর্থে ব্যবহার করা হয়েছে অর্থাৎ ‘আল্লাহ লজ্জাবোধ করেন না’ এ কথার সমার্থ হলো তিনি চরম লজ্জাস্কর কথা হলেও ব্যক্ত বা প্রকাশ করতে ছাড়েন না। ‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ আল্লাহ তা‘আলার দিকে লজ্জার সম্পর্ক মুবালাগাহ্ বা চূড়ান্ত কথা হিসেবে ব্যবহার করা হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ খুযাইমাহ ইবনু ছাবিত আল আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন